

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বেতার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২২.৩৭.০০৭.১৪-

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২২
০৬ মার্চ ২০১৬

প্রেরক: উপ-সচিব (বেতার-২ অধিশাখা)
তথ্য মন্ত্রণালয়

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
তথ্য মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

মহোদয়,

আগামী ০৮ মার্চ থেকে ০৩ এপ্রিল ২০১৬ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠিতব্য আইসিসি টি-২০ বিশ্বকাপ ক্রিকেট-২০১৬ এর ম্যাচসমূহের খেলার চলতি ধারাবিবরণী বাংলাদেশ বেতারের মাধ্যমে সরাসরি সম্প্রচারের নিমিত্ত বাংলাদেশ বেতারের ০১/০২/২০১৬ খ্রি: তারিখের ১৫.৫৩.০০০০.১১৪.৫৩.১০৯.১৬-৫০০ স্মারকের (স্থলাভিষিক্ত) এবং ০৬/০৩/২০১৬ তারিখের ১৫.৫৩.০০০০.১১৪.৫৩.১০৯.১৬-৫৪ নং স্মারকের প্রস্তাবমতে বাংলাদেশ বেতারের নিম্নোক্ত ৪(চার) জন কর্মকর্তা ও ৪(চার) জন ধারাভাষ্যকার সমন্বয়ে গঠিত 'ক' দলকে ০৭ মার্চ ২০১৬ থেকে অথবা প্রকৃত যাত্রার তারিখ থেকে ০৪ এপ্রিল, ২০১৬ পর্যন্ত এবং 'খ' দলকে ১০ মার্চ ২০১৬ থেকে অথবা প্রকৃত যাত্রার তারিখ থেকে ০৪ এপ্রিল, ২০১৬ পর্যন্ত নিম্নোক্ত শর্তে ভারত ভ্রমণের সরকারি অনুমোদন আদিষ্ট হয়ে জ্ঞাপন করছি:

'ক' দল

- | | |
|-----------------------------|--|
| অনুষ্ঠান প্রয়োজনা ও দলনেতা | (১) জনাব নাসরুল্লাহ মো: ইরফান, পরিচালক (অনুষ্ঠান)
বাংলাদেশ বেতার সদর দপ্তর, শাহবাগ, ঢাকা। |
| কারিগরি কার্যসম্পাদনা | (২) জনাব আলী আজম আল আজাদ, উপ-আঞ্চলিক প্রকৌশলী
জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। |
| ধারাভাষ্য | (৩) জনাব মো: সাঈদুর রহমান, ধারাভাষ্যকার (বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত) ।
(৪) জনাব মো: আনোয়ার হোসেন, ধারাভাষ্যকার(বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত) |

'খ' দল

- | | |
|-----------------------------|---|
| অনুষ্ঠান প্রয়োজনা ও দলনেতা | (১) জনাব মির শাহ আলম, পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম
বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা। |
| কারিগরি কার্যসম্পাদনা | (২) জনাব মো: সাইফুল ইসলাম, উপ-আঞ্চলিক প্রকৌশলী
জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা। |
| ধারাভাষ্য | (৩) জনাব চৌধুরী জাফর উল্লাহ শারাফাত, ধারাভাষ্যকার
(বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত) ।
(৪) জনাব মাহমুদুল আহসান মুরাদ, ধারাভাষ্যকার (বাংলাদেশ বেতারের তালিকাভুক্ত) |

ভ্রমণের শর্তাবলী :

- (ক) ভ্রমণকালীন সময়ে কর্মকর্তাগণ কর্তব্যরত বলে গণ্য হবেন;
(খ) বেতন-ভাতাদি দেশীয় মুদ্রায় প্রাপ্য হবেন; বেতন-ভাতাদির কোন অংশই বৈদেশীক মুদ্রায় প্রদেয় হবে না;
(গ) এ সংক্রান্ত যাবতীয় ব্যয় বাংলাদেশ বেতারের ২০১৫-১৬ অর্থ বছরের সদর দপ্তরের ৩-৩৩৫১-০০০১-৪৮০১ ভ্রমণ ব্যয় খাত থেকে মিটানো হবে;

চলমান পাতা/২

পূর্ব পৃষ্ঠার পর:

- (ঘ) রয়েলিটি প্রদান সংক্রান্ত চুক্তির কপি এবং বিল/ভাউচার ও অন্যান্য দালিলিক কাগজপত্রসমূহ ১০/০৩/২০১৬ খ্রি: তারিখের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- (ঙ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় তারা বিদেশে অবস্থান করতে পারবে না;
- (চ) খেলার স্পন্সর ও বিজ্ঞাপন বাবদ আয়কৃত অর্থ সরকারি কোষাগারে প্রদান করে ট্রেজারী চালানের কপি (যাচাইপূর্বক) তথ্য মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;
- (ছ) এ ব্যয়ে সকল সরকারি আর্থিক বিধি-বিধান ও নির্দেশাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে ;
- (জ) অব্যয়িত (অর্থ যদি থাকে) ৩০ জুন ২০১৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (ঝ) আগামী ০৮ মার্চ থেকে ০৩ এপ্রিল ২০১৬ তারিখ পর্যন্ত ভারতে অনুষ্ঠেয় আইসিসি টি-২০ বিশ্বকাপ ক্রিকেট-২০১৬ ম্যাচসমূহের চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচারের বিষয়ে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের সাথে চুক্তিনামার কপি ১০/০৩/২০১৬ তারিখের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং
- (ঞ) বাংলাদেশ বেতার কর্তৃপক্ষের অনুমোদিত তফসিল অনুযায়ী খেলার ধারাভাষ্য কার্যক্রম পরিচালনা করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বা'.

(মোহাম্মদ ইসমাইল হসেন)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪০৪৬২


E-mail:sas.betar2@moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২২.৩৭.০০৭.১৪- ৬০/১(১৬)

তারিখঃ ২০ ফাল্গুন ১৪২২
০৩ মার্চ ২০১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট দূতাবাসে নোট ভারবাল প্রেরণের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতি জন্য)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তর, বেনাপোল, যশোর।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতি জন্য)।
- ৯। জনাব.....


(মোহাম্মদ ইসমাইল হসেন)
উপ-সচিব